শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা: কারিগরি-২
পরিবহণ পুল ভবন, ঢাকা।
www. moedu.gov.bd

৫৭.০০.০০০০.০৫২.২২.০০১.১৭ 2110

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৪ বাংলা
০৭ মে, ২০১৭খ্রিঃ

বিষয়ঃ কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭ চূড়ান্তকরণের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় এক সভা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০২/০৫/২০১৭ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার স্বাক্ষরিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংলগ্নীঃ বর্ণনামত।

(সুবোধ চন্দ্র ঢালী)
উপ সচিব
ফোনঃ ৯৫৬৪৫৫২
ই-মেইলঃ ds_tec2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব,বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৬। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭। অতিরিক্ত সচিব (কারিগরি) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২০। পরিচালক, ব্যানবেইস, পলাশী, ঢাকা।
২১। যুগ্ম সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বক্সীবাজার, ঢাকা।
২৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২৪। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
২৫। সভাপতি, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, আই.ডি.ই.বি. ভবন, কাকরাইল, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

E:\Technical-2\Sec-16\meeting Regulation Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিবহণ পুল ভবন, ঢাকা-১০০০।
www.moedu.gov.bd

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭ এর চূড়ান্তকরণের বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | ঃ | ০২/০৪/২০১৭ |
| সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | ঃ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভা কক্ষ (১০ম তলা), পরিবহণ পুলভবন, সচিবালয় লিংক রোড ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক'তে দ্রষ্টব্য।

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর সভাপতিত্বে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭ চূড়ান্তকরণের বিষয়ে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, বর্তমানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড 'দি টেকনিক্যাল এডুকেশন এ্যাক্ট, ১৯৬৭' সালের আইন দিয়ে চলছে। তাছাড়া আইনটি ইংরেজি ভার্সনে রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের এতদসংক্রান্ত পরিপত্রের নির্দেশনার পাশাপাশি প্রচলিত আইনসমূহ সংশোধন, পরিমার্জন ও বঙ্গানুবাদ করা হয়। এ বিষয়ে প্রণীত খসড়া আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ২৮ মার্চ ২০১৭ তারিখে সংশ্লিষ্ট ১৪টি মন্ত্রণালয়ের মতামতের জন্য প্রেরণ করা হয়েছিল। তাছাড়া গত ০২ এপ্রিল ২০১৭ তারিখে সর্বসাধারণের অবগতির জন্য খসড়া আইনটি ওয়েবসাইটে প্রকাশ করা ইতোমধ্যে বেশ কয়েকটি মন্ত্রণালয়, সংস্থা, সংগঠন ও ব্যক্তির মতামত পাওয়া গেছে। সভাপতি মহোদয় মতামত/সুপারিশ প্রদানকারী প্রতিটি মন্ত্রণালয়, সংস্থা, সংগঠন ও ব্যক্তিকে আন্তরিক ধন্যবাদ জানান। অদ্যকার সভায় সেসব মতামতের ভিত্তিতে আইনটি চূড়ান্ত করা হবে। সভাপতি আরো বলেন যে, যেহেতু দেশের সকল বোর্ডের আইন বোর্ড আইন নামে প্রণীত হয়েছে সে ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডের আইনটি ও অন্যান্য বোর্ডের ন্যায় কারিগরি শিক্ষা বোর্ড আইন-২০১৭ নামে রূপান্তরিত হবে। এ বিষয়ে সবাই একমত পোষন করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (কারিগরি) সভাকে অবহিত করেন যে, প্রাপ্ত মতামতের ভিত্তিতে খসড়া আইনের পাশাপাশি সংশ্লিষ্ট মতামতসমূহ একটি ছকে তুলে ধরা হয়েছে। তিনি পর্যায়ক্রমে তা তুলে ধরে সভার চূড়ান্ত মতামত আহ্বান করেন।

০৩। সভায় ধারাভিত্তিক প্রাপ্ত মতামতের ওপর অতিরিক্ত সচিবগণ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ বিস্তারিত পর্যালোচনায় সক্রিয় অংশগ্রহণ করেন।

০৪। পরিচালক, ব্যানবেইস সভাকে অবহিত করেন যে, তফলিস-২ এ বর্ণিত "বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।" এ বাক্যটি বার বার উল্লেখ করা প্রয়োজন নেই। তফসিল উল্লেখপূর্বক এক জায়গায় দেয়া যেতে পারে। এ বিষয়ে সবাই একমত পোষণ করেন।

০৫। সভাপতি মহোদয় প্রণীত আইন বিষয়ে সভার প্রদত্ত পর্যালোচনা মনোযোগ সহকারে শোনেন এবং উক্ত আইনের প্রতিটি ধারা উপধারা বিষয়ে সভায় উপস্থিত সদস্যদের মতামতের আলোকে তা সংশোধন করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নীতিগত সিদ্ধান্তে প্রয়োজন। এ বিষয়ে যথাশীঘ্র পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

০৬। উপরোক্ত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ প্রণীত খসড়া আইনটি 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭' নামে অভিহিত হবে ;

৬.২ চূড়ান্ত সংশোধনীসহ খসড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭ যথাশীঘ্র নীতিগত সদয় সিদ্ধান্তের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আইনের ধারা, উপধারাসমূহ যথাযথভাবে পর্যালোচনাপূর্বক মূল্যবান মতামত প্রদান করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭.৫.২০১৭
(মো: আলমগীর)
সচিব (ভারপ্রাপ্ত)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহণ পুল ভবন,ঢাকা।